

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত দরের কপি।
- (৪) পূর্বানুমোদিত দরের কপি।
- (৫) মালামাল ও সংশ্লিষ্ট সেবা ক্রয় কাজের প্রাক্কলন।
- (৬) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of chemical with related services for Weed/Jungle destruction কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকালটেন্টিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন স্থাপনার পাশাপাশি বিশাল খোলা চত্বর বিদ্যমান যাতে বিভিন্ন প্রজাতির গাছ রোপন করা হয়েছে এবং বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় সারফেস ড্রেন ও বিভিন্ন চেম্বার রয়েছে। প্ল্যান্টে বিশাল খোলা চত্বর প্রতিনিয়ত বিভিন্ন আগাছা জন্মাচ্ছে। ফলে প্ল্যান্ট অপারেশনে সমস্যা দেখা দেয়। এছাড়া প্ল্যান্টের স্বাভাবিক সৌন্দর্য নষ্ট হচ্ছে ও বিভিন্ন পয়েন্টে দিনে-রাতে যাতায়াতের সমস্যা হয়। সেই কারণে আগাছা মারার জন্য কেমিক্যাল প্রয়োজন হয়। উক্ত মালামাল স্টোরে মজুদ না থাকায় আগাছা মারা যাচ্ছে না। সেই কারণে উক্ত মালামাল ক্রয় করা প্রয়োজন। পাগলা পয়ঃ শোধনাগার একটি কে পি আই এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত। প্রতিনিয়ত প্ল্যান্ট মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিদেশী অতিথি, বিভিন্ন দেশের দাতা সংস্থার প্রতিনিধিবর্গ, সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তা সহ বিভিন্ন ধরনের অতিথি প্ল্যান্ট ভিজিট করে থাকেন। তাই প্ল্যান্টের অভ্যন্তরীণ পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন, দৃষ্টিনন্দন ও আকর্ষণীয় এবং প্ল্যান্টে নিয়োজিত জনবলের স্বাস্থ্য সুরক্ষা যথাযথ রাখতে প্ল্যান্টের আগাছা মারা প্রয়োজন।

১.১। সেই আলোকে বাজার দর ও পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Supply of chemical with related services for Weed/Jungle destruction." শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৯৯,১২০.০০০(চার লক্ষ নিরানব্বই হাজার একশত বিশ টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১৭৯; প্যাকেজ নং- G30 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) ধারা অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি(এলটিএম) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of chemical with related services for Weed/Jungle destruction." শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬৩(১)(খ) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) তে দরপত্র আহবান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৯,১২০.০০০(চার লক্ষ নিরানব্বই হাজার একশত বিশ টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।



২১/০৭/২৫
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


২১.০৭.২০২৫
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা


২১/০৭/২৫
সেয়দ শাহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


১৪/৭/২৫
অনুমোদিত


২১.০৭.২৫
(মির্জা গোলাম কিবরিয়া,
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


১৪/৭/২৫